**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 29-04.2026 Time : 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১) রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা শেষ দফায় মোটের ওপর শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ চলছে। **#** শেষ খবর পাওয়া পর্যন্ত গড়ে ভোট পড়েছে **৬১ দশমিক ১/১** শতাংশ।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ সকালে দ্বিতীয় দফার নির্বাচনে রাজ্যের মানুষকে বিপুল সংখ্যায় ভোট দেওয়ার আহ্বান জানান।

৩/ ভবানীপুরের কালীঘাটে অশান্তির ঘটনায় কেন্দ্রীয় বাহিনী ও পুলিশ, রুটমার্চ করছে। সরিয়ে দেওয়া হয়েছে সবরকম জমায়েত।

৪/ ঘূর্ণাবর্তের জেরে রাজ্যের বিভিন্ন জেলায় আজ সকাল থেকে বিক্ষিপ্ত বৃষ্টির খবর মিলেছে।

*********************************************************************

কড়া নিরাপত্তায় রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা শেষ দফায় আজ ৭ জেলার ১৪২টি আসনে ভোট নেওয়া হচ্ছে। চলবে, সন্ধ্যা ৬’টা পর্যন্ত।
বেলা ১-টা পর্যন্ত গড়ে ভোট পড়েছে ৬১ দশমিক ১/১ শতাংশ।
সবচেয়ে বেশি ভোট পড়েছে পূর্ব বর্ধমানে– ৬৬ দশমিক ৮/ শূণ্য শতাংশ।
হুগলীতে ৬৪ দশমিক ৫/৭ শতাংশ। নদীয়ায় ৬১ দশমিক ৪/১ , উত্তর ২৪ পরগনায় ৫৯ দশমিক ২/০, হাওড়ায় ৬০ দশমিক ৬/৮, কলকাতা উত্তর নির্বাচনী জেলায় ৬০ দশমিক ১/৮, কলকাতা দক্ষিণে ৫৭ দশমিক ৭/৩, দক্ষিণ ২৪ পরগনায় প্রায় ৫৯ শতাংশ ভোট পড়েছে।
এই পর্বে ভোটদাতার সংখ্যা ৩ কোটি ২১ লক্ষ ৭৫ হাজারের বেশি। প্রার্থী রয়েছেন এক হাজার, ৪৪৮ জন। মহিলা প্রার্থী রয়েছেন ২২০ জন। দ্বিতীয় দফায় মোট ভোট কেন্দ্র রয়েছে ৪১ হাজার ১’টি। অবাধ-সুষ্ঠু এবং হিংসামুক্ত নির্বাচন সুনিশ্চিত করতে তৎপর নির্বচন কমিশন থেকে শুরু করে পুলিশ প্রশাসন। এই দফায় ২ হাজার ৩৪৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে।

কলকাতার দুই নির্বাচনী জেলায় ১১-টি আসনে আজ ভোট নেওয়া হচ্ছে। আজ সকালে ভবানীপুরে তৃণমূল কংগ্রেস কর্মীদের সঙ্গে বচসা শুরু হয় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর। সরাসরি চলে যাচ্ছি

আমাদের সংবাদদাতা কাশফিন নাহারের কাছে। কাশফিন, ভবানীপুরে একটা উত্তেজনার পরিস্থিতি তৈরী হল। এখন সেখানের অবস্থা কি?

( ভিসি- কাশফিন )

এদিকে, ভবানীপুরের ঘটনার পরেই গোটা এলাকা নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে। নামানো হয়েছে সাঁজোয়া গাড়ি।

**********************************************************************

দক্ষিণ চব্বিশ পরগণার ৩১টি বিধানসভা কেন্দ্রে চলছে ভোট গ্রহণ। জেলার বাসন্তীর কাঁঠালবেরিয়াতে বিজেপি প্রার্থী বিকাশ সরদারের ওপর হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। ভাঙচুর চালানো হয় তাঁর গাড়িতে। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা রয়েছে। ফলতায় একাধিক বুথে EVM-এ বিজেপি প্রার্থীর নামের ওপর টেপ লাগিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে। বেলসিংহা অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের ওই কেন্দ্রটিতে বিজেপি প্রার্থী গেলে তাঁকে ঘিরে তৃণমূল কংগ্রেস কর্মীরা বিক্ষোভ দেখায় বলে অভিযোগ। এই ঘটনায় রিপোর্ট চেয়েছে নির্বাচন কমিশন। কমিশন নিযুক্ত পুলিশ পর্যবেক্ষক অজয় পাল শর্মা সকাল থেকে দক্ষিণ ২৪ পরগণর ফলতায় একাধিক এলাকা পরিদর্শন করছেন। ২-১-টি জায়গায় বিক্ষিপ্ত কিছু অশান্তির খবর পাওয়া গেলেও এখনও পর্যন্ত ভোটপর্ব মোটের ওপর শান্তিপূর্ণভাবে এগিয়ে চলেছে।

দক্ষিণ ২৪ পরগণার একটি কেন্দ্রে রয়েছেন, আমাদের সংবাদদাতা অভিজিৎ চক্রবর্তী। সরাসরি চলে যাচ্ছি তাঁর কাছে। অভিজিৎদা, জেলার ভোটের পরিস্থিতি এখনো পর্যন্ত কিরকম?

( ভয়েস – অভিজিত/ দঃ ২৪ পঃ )

উত্তর চব্বিশ পরগনার পানিহাটিতে বুথ পরিদর্শনে গেলে, বিজেপি প্রার্থী রত্না দেবনাথকে ঘিরে বিক্ষোভ দেখানোর অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

বকজুড়ির মাজনপুর, হাড়োয়া ব্লকের শালীপুর অঞ্চলে বেআইনি জমায়েতের অভিযোগে বেশ কয়েকটি ক্যাম্প, আধা সামরিক বাহিনী সরিয়ে দিয়েছে।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

( ভিসি- পল্লব/ উঃ ২৪ পঃ )

হাওড়ার বালির বেশ কয়েকটি বুথে সকালে জ্যামিং-এর অভিযোগে কয়েকজনকে সরিয়ে দেয় কেন্দ্রীয় বাহিনী।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন-

( ভিসি- সর্বাণি/ হাওড়া )

পূর্ব বর্ধমানের কাটোয়ার রবীন্দ্র ভবনে ৯৫ নম্বর বুথে ইভিএম বিকল হয়ে যাওয়ায় ১ ঘন্টার বেশি ভোটগ্রহণ বন্ধ থাকে। মন্তেশ্বরের ৬২ নম্বর বুথে VVPAT বিকল থাকায় ভোট শুরু হতে বিলম্ব হয়। গলসির সিরোরাই পশ্চিম পাড়া অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের ২৪৯ নম্বর বুথে ইভিএম খারাপ থাকায় ভোটগ্রহণ বন্ধ ছিল। **কেতুগ্রা**ম বিধানসভার বিরুরী গ্রামের ৩৫ নম্বর বুথের কাছে একটি ব্যাগ থেকে ৬'টি বোমা উদ্ধার হয়েছে।

বুদবুদের তিলডাং এবং বড় চাত্‌রায় অবৈধ জমায়েত হঠাতে কেন্দ্রীয় বাহিনীকে লাঠিচার্জ করতে হয়। বর্ধমান পুরসভার ২১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার শ্যামাপ্রসাদ ব্যানার্জির বিরুদ্ধে ভোটারদের প্রভাবিত করার অভিযোগ উঠেছে। তাঁকে সেখান থেকে সরিয়ে দেয় কেন্দ্রীয় বাহিনী।

নদিয়া জেলায় ১৭’ টি বিধানসভা আসনে ভোট গ্রহণের জন্য মোট বুথ সংখ্যা ৫’হাজার ১৩৬’টি । শান্তিপুর পৌরসভার ১৬ নম্বর ওয়ার্ডের বিজেপির ক্যাম্প অফিসে ভাঙচুরের অভিযোগ উঠেছে শাসক দলের বিরুদ্ধে। চাপড়ার হাটরাইতে বিজেপির এক এজেন্টের মাথা ফাটিয়ে দেওয়া হয়েছে বলে অভিযোগ।

হুগলী জেলায় মোটের ওপর শান্তিপূর্ণভাবে ভোট গ্রহণ চলেছে। সকালের দিকে খানাকুলে একটি বুথে ভুয়ো এজেন্ট বসানোকে কেন্দ্র করে ISF এবং তৃণমূল কংগ্রেসের কর্মীদের মধ্যে হাতাহাতি বাধে।

*************************************************************************

বিজেপি, দক্ষিণ ২৪ পরগণার ফলতার কয়েকটি বুথে পুনর্নির্বাচনের দাবী জানিয়েছে।
দলের ভারপ্রাপ্ত পর্যবেক্ষক অমিত মালবিয়া আজ সোশ্যাল মিডিয়ায় অভিযোগ করেন যে, ওই বিধানসভার কয়েকটি কেন্দ্রে EVM-এ বিজেপি প্রার্থীর নামের ওপর টেপ ব্যবহার করা হয়েছে। এর আগে লোকসভা নির্বাচনেও একই ধরণের চক্রান্ত করা হয়েছিল বলে তাঁর অভিযোগ। এই ঘটনায় নির্বাচন কমিশন রিপোর্ট তলব করেছে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ সকালে দ্বিতীয় দফার নির্বাচনে রাজ্যের মানুষকে বিপুল সংখ্যায় ভোট দেওয়ার আহ্বান জানান। এই নির্বাচন পশ্চিমবঙ্গের নারী ও যুব শক্তির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে তিনি উল্লেখ করেন।

*************************************************************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'এক নজরে দ্বিতীয় তথা শেষ দফা'।
রাজ্য বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোট পর্ব কেমন হলো তা তুলে ধরবেন আমাদের জেলা সংবাদদাতা এবং প্রতিনিধিরা।
আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।
এদিকে, ভোটের দিন আজ সন্ধ্যায় ৭-৫০-এর স্থানীয় সংবাদ ১০ মিনিটের পরিবর্তে ১৫ মিনিট সম্প্রচারিত হবে।

*************************************************************************

ঘূর্ণাবর্তের জেরে রাজ্যের বিভিন্ন জেলায় আজ সকাল থেকে বৃষ্টির খবর মিলেছে। পশ্চিমের জেলাগুলিতে সকাল থেকেই আকাশ মেঘলা। চলছে বিক্ষিপ্ত বৃষ্টি।

কলকাতা ও সন্নিহিত জেলাগুলিতেও আজ দুপুরের পর ঝড় বৃষ্টির পুর্বাভাস রয়েছে। হুগলি এবং পশ্চিম মেদিনীপুর জেলায় ভারী বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে। তবে বৃষ্টি হলেও আদ্রতা বেশি থাকায় ঘর্মাক্ত আবহাওয়া থাকবে বলে আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

এদিকে, উত্তরবঙ্গের জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায় ভারী থেকে অতি ভারী এবং দার্জিলিং কালিম্পং এবং কোচবিহার জেলায় ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।

*********************************************************************

কোচবিহারের মাথাভাঙ্গা ২ নম্বর ব্লকের পাড়াডুবি গ্রাম পঞ্চায়েতের তেঁতুলতলা এলাকায় আজ ভোরে এক দম্পতির গলাকাটা মৃতদেহ উদ্ধার হয়েছে। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। ঘোকসাডাঙা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। পুলিশ অস্বাভাবিক মৃত্যুর মামলা রজু করে তদন্ত শুরু করেছে।

*********************************************************************